

যৌথ প্রেস বিজ্ঞপ্তি

সামিট গ্রুপের চেয়ারম্যান মুহম্মদ আজিজ খান আইসিডিডিআর,বি হাসপাতাল এনডাউমেন্ট ফান্ডে এক মিলিয়ন মার্কিন ডলার অনুদানের অঙ্গীকার করেছেন

ঢাকা, ২৭ শে মার্চ, ২০২২: সম্প্রতি সামিট গ্রুপের চেয়ারম্যান মুহম্মদ আজিজ খান, গ্রুপের পরিচালক তাঁর স্ত্রী আঞ্জুমান আজিজ খান ও কন্যা আজিজা আজিজ খান এসিসিএ মহাখালীতে অবস্থিত আইসিডিডিআর,বি ঢাকা হাসপাতাল পরিদর্শন করেন। তারা হাসপাতালে বিপুল সংখ্যক ডায়রিয়া রোগীর জীবন রক্ষাকারী চিকিৎসা সেবা দেখে অভিভূত হোন। আইসিডিডিআর,বি-এর নির্বাহী পরিচালক ড. তাহমিদ আহমেদ তাদেরকে অবহিত করেন যে, এই হাসপাতালটি বর্তমানে রেকর্ড-সংখ্যক রোগীকে সম্পূর্ণ বিনা খরচে চিকিৎসা প্রদান করছে যা ষাটের দশকে প্রতিষ্ঠার পর থেকে সর্বোচ্চ। তিনি আরো জানান, চলমান বৈশ্বিক আর্থিক অস্থিরতা আইসিডিডিআর,বি-র দুটি হাসপাতাল পরিচালনায় নেতিবাচক প্রভাব ফেলতে পারে, আর সেকারণে একটি টেকসই ব্যবস্থা অপরিহার্য।

এর প্রেক্ষিতে, মুহম্মদ আজিজ খান সামিট কর্পোরেশন থেকে পাঁচ লক্ষ মার্কিন ডলার, এবং আরো পাঁচ লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ তহবিল তাঁর স্ত্রীর সাথে যৌথভাবে 'আঞ্জুমান এবং আজিজ চ্যারিটেবল ট্রাস্ট' থেকে -- মোট এক মিলিয়ন মার্কিন ডলার আইসিডিডিআর,বি হাসপাতালের এনডাউমেন্ট ফান্ডে অনুদানের প্রতিশ্রুতি দেন। কোনো স্থানীয় ব্যক্তির পক্ষ থেকে আইসিডিডিআর,বি-তে এটি এষাবৎকালের সর্ববৃহৎ ব্যক্তিগত অনুদানের অঙ্গীকার।

মুহম্মদ আজিজ খান বলেন, "আমি ও আমার পরিবারের জন্য আইসিডিডিআর,বি-এর এই মানবিক কাজে সহায়তা করার সুযোগ, অতি সম্মানের। আমরা বিনীত সেইসব গবেষণার সহযোগী হতে পেরে, যার মাধ্যমে লক্ষ-কোটি শিশুদের জীবন বাঁচানো সম্ভব হয়েছে। ড. তাহমিদ আহমেদ, ড. ফেরদৌসী কাদরী এবং অনন্যারা, বাংলাদেশকে গৌরবান্বিত করেছে। আমরা বাংলাদেশের স্বাধীনতা উদযাপনে এই বিশ্বসেরা গবেষণা প্রতিষ্ঠানকে সমর্থন করছি।"

ড. তাহমিদ আহমেদ, মুহম্মদ আজিজ খান ও তাঁর স্ত্রীসহ সামিট কর্পোরেশনের অনুদানের অঙ্গীকারের প্রশংসা এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, "মুহম্মদ আজিজ খান ও তাঁর স্ত্রী আঞ্জুমান আজিজ খানের এক মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি আমাদের মুগ্ধ করেছে, যা আমাদের লক্ষ্য অর্জনে উৎসাহ যোগাবে। আমরা সামিট কর্পোরেশন এবং জনাব আজিজ খান ও আঞ্জুমান আজিজ খানের কাছে বিশেষভাবে কৃতজ্ঞ। আমরা হাসপাতাল এনডাউমেন্ট ফান্ডে বাড়াতে নিজেদের জন্য একটি লক্ষ্য নির্ধারণ করেছি, যাতে এটি থেকে

প্রাপ্ত উপার্জন দিয়ে আমাদের হাসপাতালের কার্যক্রম পরিচালনা করাকে টেকসই করা যায়। আমি আশা করি, আরো বাংলাদেশী ব্যবসায়ী নেতারা আমাদের এই লক্ষ্য অর্জনে সহায়ক হবেন।”

আইসিডিডিআর,বি একটি আন্তর্জাতিক জনস্বাস্থ্য গবেষণা প্রতিষ্ঠান যা ঢাকা এবং চাঁদপুরের মতলবে অবস্থিত দুটি হাসপাতালের মাধ্যমে বছরে ২ লাখের ও অধিক রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করে। আইসিডিডিআর,বি এই অত্যাবশ্যিক পরিষেবা প্রদানের জন্য সম্পূর্ণভাবে অনুদানের উপর নির্ভর করে।

#

সামিট গ্রুপ সম্পর্কে: সামিট গ্রুপ অফ কোম্পানিজ, বাংলাদেশের সর্ববৃহৎ অবকাঠামো প্রতিষ্ঠান। সামিটের বিভিন্নখাত যেমন বিদ্যুৎ উৎপাদন, বন্দর এবং টেলকো অবকাঠামোর ব্যবসা আছে।

বিস্তারিত তথ্যের জন্য: মোহসেনা হাসান। ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫

#



ছবি ক্যাপশন: ড. তাহমিদ আহমেদ, আইসিডিডিআর,বি-এর নির্বাহী পরিচালক সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, তাঁর স্ত্রী আঞ্জুমান আজিজ খান ও কন্যা আজিজা আজিজ খান-কে আইসিডিডিআর,বি-র হাসপাতালের জীবন রক্ষাকারী চিকিৎসা সেবা সম্পর্কে অবহিত করছেন।